

## 📖 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬৯৮

১৯. অনুমতি গ্রহণ অধ্যায় (كتاب الاستئذان)

পরিচ্ছেদঃ ৩১. যে ব্যক্তি (হাঁচি দিয়ে) 'আলহামদু লিল্লাহ' না বলে, তার (হাঁচির) জবাবে 'ইয়ারহামুকাল্লাহ' না বলা

باب إِذَا لَمْ يَحْمَدِ اللَّهُ لَا يُشَمِّتْهُ

আরবী

أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَبْدِ اللَّهِ حَدَّثَنَا زُهَيْرٌ عَنْ سُلَيْمَانَ عَنْ أَنَسٍ قَالَ عَطَسَ رَجُلَانِ عِنْدَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَشَمَّتْ أَوْ سَمَّتْ أَحَدَهُمَا وَلَمْ يُشَمِّتِ الْآخَرَ فَقِيلَ لَهُ يَا رَسُولَ اللَّهِ شَمَّتْ هَذَا وَلَمْ تُشَمِّتِ الْآخَرَ فَقَالَ إِنَّ هَذَا حَمِدَ اللَّهَ وَإِنَّ هَذَا لَمْ يَحْمَدِ اللَّهَ قَالَ عَبْدُ اللَّهِ سُلَيْمَانُ هُوَ التَّيْمِيُّ

বাংলা

২৬৯৮. আনাস ইবনু মালিক রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত। তিনি বলেনঃ একদিন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সম্মুখে দু' ব্যক্তি হাঁচি দিল। তখন তিনি তাদের একজনের জবাবে দু'আ করলেন[1] আর অন্যজনের জন্য দু'আ করলেন না। তাঁকে কারণ জিজ্ঞেস করা হলো: ইয়া রাসূলুল্লাহ! এ ব্যক্তির জবাবে দু'আ করলেন আর অন্যজনের জন্য দু'আ করলেন না। তিনি বললেনঃ এ ব্যক্তি 'আলহামদু লিল্লাহ' বলেছে। আর ঐ ব্যক্তি 'আলহামদু লিল্লাহ' বলেনি।"[2] আবু মুহাম্মদ বলেন, সুলাইমান হলেন তাইমী।

ফুটনোট

[1] আত 'তাশমীত': কল্যাণ ও বরকতের দু'আ করা।...

[2] তাহকীক: এর সনদ সহীহ। হাদীসটি বুখারী ও মুসলিম কর্তৃক সম্মিলিত ভাবে বর্ণিত।

তাখরীজ: বুখারী, আদাব ৬২২১; মুসলিম, যুহদ ২৯৯১।

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ৪০৬০ ও সহীহ ইবনু হিব্বান নং ৬০১০, ৬০১ ও মুসনাদুল হুমাইদী নং ১২৪২ তে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=82983>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন